

# দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩ আখ্য়াবাদ বা/এ, চট্টগ্রাম। ফোনঃ পিএবিএক্স-৭১৩৩৬৬-৯, ফ্যাক্স-৭১০১৮৩  
E-mail:info@chittagongchamber.com, website.www.chittagongchamber.com

বিজ্ঞপ্তি নং-৩৩

১৩ এপ্রিল ২০১৭ ইং

নিম্নোক্ত বিজ্ঞপ্তিখানা সম্মানিত চেম্বার সদস্যদের সদয় অবগতির জন্য প্রেরণ করা গেলঃ

স্বাক্ষরিত/-  
(প্রকৌশলী মোঃ আলমগীর চৌধুরী)  
সেক্রেটারী ইনচার্জ

‘চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং-২৩/২০১৭

তারিখ : ৯/০৪/২০১৭ ইং

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী “বাংলা নববর্ষ” উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে নিম্নলিখিতভাবে ছুটি পালিত হবে।

১। “বাংলা নববর্ষ” উপলক্ষে আগামী ১৪/০৪/২০১৭ ইং তারিখ শুক্রবার সকাল ৮.০০ ঘটিকা হতে ০১/০১/১৪২৪ বাংলা ১৫/০৪/২০১৭ ইং তারিখ শনিবার সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারী ছুটি পালিত হবে। ০২/০১/১৪২৪ বাংলা

২। উক্ত সময়ে ট্রাফিক বিভাগের অধীনস্থ (পানগাঁও আইসিটি ও ঢাকাস্থ আইসিডিসহ) সকল অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে পর্যাপ্ত জনবল বুকিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। উপরোক্ত সময়সূচী অনুযায়ী বন্দর অভ্যন্তরস্থ জনতা ব্যাংক, ওয়ান ব্যাংকসহ চবক এর অনুমোদিত অন্যান্য ব্যাংকের বুথসমূহ এবং কাস্টম হাউজে স্থিত সোনালী ব্যাংক, শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপোসমূহকে সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবলসহ খোলা রাখার জন্য অনুরোধ করা গেল।

৪। শুল্ক বিভাগ ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত ছুটির দিনসমূহে বিশেষ বন্দোবস্তধীনে এবং বিধি মোতাবেক অতিরিক্ত মাণ্ডল (চার্জ) প্রদান সাপেক্ষে জাহাজ/লাইটারসমূহে কাজ করা যাবে। খাদ্য, ত্রাণ ও অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রীর সাথে সম্পর্কযুক্ত বাণিজ্যিক কাজের জন্য পরিচালক (ট্রাফিক) বা তাঁর ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে পূর্বেই অনুমতি নিতে হবে।

স্বাক্ষরিত/-  
পরিচালক (ট্রাফিক)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-পপসা/৭৮-২(অংশ-২)/৫৩৭

তারিখ : ৯/০৪/২০১৭ ইং